

💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৯০৩

৩০/ সং ব্যবহার ও সম্পর্ক রক্ষা (ﷺ) পরিচ্ছেদঃ পিতা-মাতার সঙ্গে সংব্যবহার।

باب مَا جَاءَ فِي بِرِّ الْوَالِدَيْنِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، أَخْبَرَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، أَخْبَرَنَا بَهْزُ بْنُ حَكِيمٍ، حَدَّثَنِي أَبِي، عَنْ جَدِّي، قَالَ قُلْتُ مُنْ قَالَ " أُمَّكَ " . قَالَ قُلْتُ ثُمَّ مَنْ قَالَ " أُمَّكَ " . قَالَ قُلْتُ ثُمَّ مَنْ قَالَ " أُمَّكَ " . قَالَ قُلْتُ ثُمَّ مَنْ قَالَ " أُمَّكَ أَب قَالَ اللَّهُ بَنْ قَالَ اللَّهُ مَنْ قَالَ اللَّهُ مَنْ قَالَ اللَّهُ مَنْ قَالَ اللَّهُ مَنْ قَالَ اللَّهُ عَمْرَ وَعَائِشَةَ وَأَبِي الدَّرْدَاءِ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَعَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ وَعَائِشَةَ وَأَبِي الدَّرْدَاءِ . قَالَ أَبُو عِيسَى وَهُو ابْنُ مُعَاوِيَةَ بْنِ حَيْدَةَ الْقُشَيْرِيُّ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ . وَقَدْ تَكَلَّمَ شُعْبَةُ فِي بَهْزِ بْنِ حَكِيمٍ وَهُو ثِقَةٌ عِنْدَ أَهْلِ الْحَدِيثِ وَرَوَى عَنْهُ مَعْمَرٌ وَالتَّوْرِيُّ وَحَمَّادُ بْنُ سَلَمَةَ وَغَيْرُ وَاحِدٍ مِنَ الْأَئِمَّةِ .

বাংলা

১৯০৩। মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) ... বাহয ইবনু হাকীম তার পিতা পিতামহ থেকে বর্ণিত, তিনি বলেন, আমি বললাম, ইয়া রাসূলাল্লাহ, কার সঙ্গে আমি সৎ ব্যবহার করব? তিনি বললেন, তোমার মার সঙ্গে। আমি বললামঃ এরপর কার সঙ্গে? তিনি বললেন, তোমার মার সঙ্গে। আমি বললামঃ পরে কার সঙ্গে? তিনি বললেন, তোমার মার সঙ্গে। আমি বললাম পরে কার সঙ্গে? তিনি বললেন, তারপর পিতার সঙ্গে, এরপর নিকটতম আত্মীয়কে ক্রমান্বয়ে। হাসান, মিশকাত ৪৯২৯, তিরমিজী হাদিস নম্বরঃ ১৮৯৭ [আল মাদানী প্রকাশনী]

এ বিষয়ে আবৃ হুরায়রা, আবদুল্লাহ ইবনু উমার, 'আয়িশা আবৃদ দারদা রাদিয়াল্লাহু আনহুম থেকেও হাদীস বর্ণিত আছে। বাহয ইবনু হাকীম (রহঃ) হলেন বাহয ইবনু হাকীম ইবনু মুআবিয়া ইবনু হায়দা কুশায়রী। এ হাদীসটি হাসান। শু'বা (রহঃ) বাহয ইবনু হাকীমের সমালোচনা করেছেন। হাদীস বিশেষজ্ঞগণের মতে তিনি ছিকা বা নির্ভরযোগ্য। তাঁর নিকট থেকে মা'মার, সুফইয়ান ছাওরী, হাম্মাদ ইবনু সালামা প্রমুখ হাদীস বিশেষজ্ঞ ইমামগণ হাদীস রিওয়ায়াত করেছেন।

English



Bahz bin Hakim narrated from his father, from his grandfather who said: "I said: 'O Messenger of Allah! Who most deserves(my) reverence?' He said: 'Your mother.'" He said: "I said: 'Then who?' He said: 'Your mother.'" He said: "I said: 'Then who?' He said: "I hen who?' He said: 'Then who?' He said: 'Then your father, then the nearest relatives, then the nearest relatives.'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বাহ্য ইবনু হাকীম (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন